

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৯৪৬

বিষয়: বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক পথে মোট ১,৩৩০ মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-১১৬)।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ০৫-০৯-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.২১০.৫১.০০০৮.২৫.২৯৯০ নং (একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত) স্মারক

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ ০৯-০৯-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.০০০.৫০.০০০৬.২২.৭১০ নং স্মারক

৩। খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ২৫-০৮-২০২৫ খ্রি. এর ১৩.০০.০০০০.০০০.০৪৬.৩৩.০০০১.২৪.২৮২ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের এলএসডিসমূহে সেপ্টেম্বর'২৫ মাসে ওএমএস, ইপি-ওপি, গুচ্ছগ্রামসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য সূত্রস্থ ১ নং ও ২ নং স্মারকে গমের চাহিদা এ দপ্তরে প্রাপ্ত হয়েছে। সূত্রস্থ ৩ নং স্মারকের পত্রে উল্লেখ করা হয়েছে, “তালিকাভুক্ত ময়দামিলসমূহের অনুকূলে সেপ্টেম্বর ২০২৫ মাসের বরাদ্দকৃত গম ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে গুদাম হতে উত্তোলন করা নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের স্থাপনাসমূহে ওএমএসসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক পথে মোট ১,৩৩০ (এক হাজার তিনশত ত্রিশ) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	রাঙ্গামাটি	বাঘাইছড়ি এলএসডি	৫০	বস্তাবন্দি গম	সড়ক পথ	চসনি, চট্টগ্রাম ও সংশ্লিষ্ট জেখানি প্রযোজ্য ক্ষেত্রে উপসূচি জারি করবেন
২.	ঐ	ঐ	কক্সবাজার	কক্সবাজার এলএসডি	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	নোয়াখালী	সোনাপুর এলএসডি	১০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	ঐ	বেগমগঞ্জ এলএসডি	১৫০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ঐ	চৌমুহনী এলএসডি	১৫০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	বান্দরবান	লামা এলএসডি	৩০	ঐ	ঐ	
৭.	ঐ	ঐ	খাগড়াছড়ি	খাগড়াছড়ি এলএসডি	১৫০	ঐ	ঐ	
৮.	ময়মনসিংহ	ময়মনসিংহ স্টিল রাইস সাইলো	নেত্রকোণা	নেত্রকোণা এলএসডি	২০০	ঐ	ঐ	আখানি, ময়মনসিংহ উপসূচি জারি করবেন
				মোট =	১৩৩০			

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো ও ময়মনসিংহ সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্ট অনুযায়ী গম পরিবহণ করবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে

জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ১৭-০৯-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৯-০৯-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। রক্ষণ প্রকৌশলী (মেকানিক্যাল), সাইলো সুপার এর দপ্তর, স্টিল সাইলোর দপ্তর, ময়মনসিংহ।
- ৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৯৪৬/১ (৬)

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক,।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি।



(Signature)

০৯-০৯-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক